

মরিশাস সফরের আগে প্রধানমন্ত্রীর বিবৃতি (10 মার্চ, 2025)

10 মার্চ, 2025

আমার বন্ধু, প্রধানমন্ত্রী ডঃ নবীনচন্দ্র রামগুলামের আমন্ত্রণে, আমি মরিশাসের 57 তম জাতীয় দিবস উদযাপনে অংশগ্রহণের জন্য দুই দিনের রাষ্ট্রীয় সফরে মরিশাস যাচ্ছি।

মরিশাস আমাদের ঘনিষ্ঠ সামুদ্রিক প্রতিবেশী, ভারত মহাসাগরে একজন গুরুত্বপূর্ণ অংশীদার এবং আফ্রিকা মহাদেশের প্রবেশদ্বার। আমরা ইতিহাস, ভূগোল এবং সংস্কৃতির দ্বারা পরস্পরের সাথে সংযুক্ত। গভীর পারস্পরিক বিশ্বাস, গণতান্ত্রিক মূল্যবোধের উপর বিশ্বাস এবং আমাদের বৈচিত্র্য হল আমাদের শক্তি। ঘনিষ্ঠ এবং ঐতিহাসিক জনসংযোগ দুই দেশের মধ্যে ভাগ করে নেওয়া গর্বের উৎস। গত দশ বছরে আমরা নানা জনকেন্দ্রিক উদ্যোগের মাধ্যমে উল্লেখযোগ্য অগ্রগতি অর্জন করেছি।

আমাদের ভিশন SAGAR-এর অংশ হিসেবে, ভারত মহাসাগর অঞ্চলে নিরাপত্তা ও উন্নয়নের পাশাপাশি আমাদের জনগণের অগ্রগতি ও সমৃদ্ধির জন্য, আমাদের স্থায়ী বন্ধুত্বকে শক্তিশালী করার জন্য, সকল দিক থেকে আমাদের অংশীদারিত্বকে উন্নত করার জন্য এবং মরিশাসের নেতৃত্বের সাথে যোগাযোগের সুযোগের জন্য আমি অধীর আগ্রহে অপেক্ষা করছি।

আমি নিশ্চিত যে এই সফর অতীতের ভিতের উপর ভিত্তি করে গড়ে উঠবে এবং ভারত ও মরিশাস সম্পর্কের ক্ষেত্রে একটি নতুন ও উজ্জ্বল অধ্যায়ের সূচনা করবে।

নয়া দিল্লি

10 মার্চ, 2025